

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬১৬

পানিসাগর, ১৯, জানুয়ারি, ২০২৪

পানিসাগরে মহকুমাভিত্তিক ককবরক দিবস উদযাপিত

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ পানিসাগর মহকুমাভিত্তিক ৪৬ তম ককবরক দিবস উদযাপন ও মহকুমাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পানিসাগর টাউন হলে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। অনুষ্ঠানে উদ্বোধক বিনয়ভূষণ দাস, বিশেষ অতিথি পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, মুখ্য আলোচক কবি ও সাহিত্যিক সুধন্য ত্রিপুরা ককবরক দিবস পালন ও লোকনৃত্য প্রতিযোগিতা আয়োজনের গুরুত্ব ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা কল্যাণ আধিকারিক প্রদীপ কুমার সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য, মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা, পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে এক বর্ণাঢ্য শোভাযাত্রা পানিসাগর টাউন হল প্রাঙ্গন থেকে শুরু হয়ে পানিসাগর বাজার সহ বিভিন্ন পথ পরিক্রমা করে। এই উপলক্ষে পানিসাগর মহকুমার বিভিন্ন এলাকা থেকে ৭টি লোকনৃত্য দলের ৯০ জন শিল্পী অংশগ্রহণ করেন। লোকনৃত্য প্রতিযোগিতায় বিভিন্ন দলের শিল্পীগণ হজাগিরি নৃত্য, বিজু নৃত্য, রাঙলং লোকনৃত্য পরিবেশন।

\*\*\*\*\*